

তথ্যবিবরণী

নম্বর: ৭৫

ময়মনসিংহ মুক্ত দিবস উদযাপন, শহিদ বুদ্ধিজীবী দিবস পালন ও মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে ময়মনসিংহে গৃহীত কর্মসূচি

ময়মনসিংহ (বৃহস্পতিবার, ০৭ ডিসেম্বর ২০২৩):

যথাযথ মর্যাদায় ১০ ডিসেম্বর ময়মনসিংহ মুক্ত দিবস উদযাপন এবং সারা দেশের ন্যায় ময়মনসিংহে ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস পালন ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস-২০২৩ উদযাপনের লক্ষ্যে নানাবিধ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। গৃহীত কর্মসূচি বাস্তবায়নের মধ্যদিয়ে জেলায় দিবসগুলো উদযাপনের জন্য ইতোমধ্যে সার্বিক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। জেলা প্রশাসন, ময়মনসিংহ কর্তৃক এ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

ময়মনসিংহ মুক্ত দিবস উপলক্ষ্যে ১০ ডিসেম্বর সকালে শহরের ছোট বাজার মুক্তক্ষেত্রে ৭ দিনব্যাপী অনুষ্ঠানের উদ্বোধন করা হবে। এলক্ষ্যে মুক্ত দিবসকে কেন্দ্র করে জাতীয় পতাকা উত্তোলন এবং বর্ণাঢ্য র্যালির আয়োজন করা হবে। প্রতিদিন বিকালে মুক্তিযুদ্ধ বিষয়ক ডকুমেন্টারি, বঙ্গবন্ধু বিষয়ক প্রামাণ্য চিত্র প্রদর্শন, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে।

শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে ১৪ ডিসেম্বর সকালে থানাঘাট বধ্যভূমির স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ ও সন্ধ্যায় ছোট বাজার মুক্তক্ষেত্রে দিবসটির তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। জেলা ও উপজেলা পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। সেইসাথে জেলার সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে শহিদ বুদ্ধিজীবী ও মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাত/প্রার্থনার আয়োজন করা হবে।

১৫ ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষ্যে শিশু একাডেমী, শিল্পকলা একাডেমী ও সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হবে। এছাড়াও গুরুত্বপূর্ণ সরকারি ভবন/স্থাপনাসমূহ ও ব্যক্তি/প্রতিষ্ঠানের মালিকাস্বত্ব সুউচ্চ ভবনসমূহে আলোকসজ্জাকরণ করা হবে।

১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষ্যে সূর্যোদয়ের সাথে সাথে সকল সরকারি/আধাসরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। স্থানীয়ভাবে ময়মনসিংহ মুক্তিযুদ্ধ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা হবে। সকাল ৮টায় নগরীর রফিক উদ্দিন ভূঁইয়া স্টেডিয়ামে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন, সম্মিলিত কুচকাওয়াজ ও শারীরিক কসরত প্রদর্শন করা হবে। পরে জেলা শ্যুটিং কমপ্লেক্সে শ্যুটিং প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। সকাল ১১টায় টাউন হল প্রাঙ্গণ অ্যাডভোকেট তারেক স্মৃতি অডিটোরিয়ামে 'জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের আদর্শ, চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার এবং বিজয় দিবসের তাৎপর্য' শীর্ষক আলোচনা সভা ও সিম্পোজিয়াম এবং শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্য ও মুক্তিযোদ্ধাগণের সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

দিবসটি উপলক্ষ্যে দিনব্যাপী সিনেমা হলে ছাত্র-ছাত্রীদের জন্য বিনা টিকেটে 'মুজিব: একটি জাতির রূপকার' ও অন্যান্য মুক্তিযুদ্ধ বিষয়ক চলচ্চিত্র প্রদর্শন করা হবে। সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার জাদুঘর ও সকল বিনোদন/শিশু পার্ক শিশু-কিশোরদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত থাকবে।

মহিলাদের অংশগ্রহণে বিকালে লেডিস ক্লাব/মহিলা ক্রীড়া সংস্থার মাঠে মুক্তিযুদ্ধভিত্তিক আলোচনা সভা ও ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। পরে শিল্পকলা একাডেমিতে মহান বিজয় দিবস উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হবে।

বিজয় দিবস উপলক্ষ্যে দিনব্যাপী শিল্পাচার্য জয়নুল আবেদীন বৈশাখী মঞ্চে মুক্তিযুদ্ধ বিষয়ক আলোকচিত্র প্রদর্শনী করা হবে। স্থানীয় টিভি চ্যানেলসমূহে মুক্তিযুদ্ধ বিষয়ক ডকুমেন্টারি ও বঙ্গবন্ধু বিষয়ক প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হবে।

এছাড়াও দিবসে জেলা ও উপজেলা পর্যায়ের সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফিরাত/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য কামনা এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে মোনাজাত/প্রার্থনা করা হবে।

#

রেজভী/হদা/মনির/দেওয়ান/রিদওয়ান/২০২৩/১৬:০০ ঘন্টা